

Firhad Hakim



MINISTER-IN-CHARGE  
MUNICIPAL AFFAIRS DEPARTMENT  
AND  
URBAN DEVELOPMENT DEPARTMENT

GOVERNMENT OF WEST BENGAL  
WRITERS' BUILDINGS  
KOLKATA 700 001  
Ph. No. : 2214 - 5497

শংস্ক: ১৮৩২/সম.অন.সম/২০১৪

Kolkata, the ২৭.১১.২০১৪

- ১। মহানগরিক,  
..... পৌরনিগম
- ২। পৌরপ্রধান,  
..... পৌরসভা

মহাশয়,

আপনারা অবগত আছেন যে স্বর্ণজয়ন্তী শহরী রোজগার যোজনার অন্তে ২০১৪ সালের ১লা এপ্রিল থেকে পশ্চিমবঙ্গ তথা ভারতবর্ষের সকল জেলা সদর শহর ও এক লক্ষের অধিক জনসংখ্যা সম্বলিত শহর গুলিতে দরিদ্র শহরবাসীরকে সুনিশ্চিত রোজগার দানের লক্ষ্যে ন্যাশানাল আরবান লাইফলিহুড মিশন (এন.ইউ.এল.এম.) চালু হয়েছে এবং আপনার শহর এই মিশনে অন্তর্ভুক্ত হয়েছে।

ভারত সরকার প্রেরিত নির্দেশাবলী অনুযায়ী এই মিশনটি ছয়টি অংশে বিভক্ত যথা :

- (১) সামাজিক সচলতা ও প্রাতিষ্ঠানিক উন্নতি (এস.এম. অ্যান্ড আই ডি.) - এই অংশে এজ্ জি. এস. আর . ওয়াই. - এর মত নতুন স্বনির্ভর গোষ্ঠী গঠন, গোষ্ঠীকে সঠিক পথে চালনা করে সংঘ ও মহাসংঘে রূপান্তরকরণ, সাহায্যকারী প্রতিষ্ঠানের নির্বাচন, শহর জীবিকা কেন্দ্র তৈরী, আর্থিক স্বচ্ছলতার লক্ষ্যে ব্যাঙ্ক - স্বনির্ভর গোষ্ঠী গোঠবন্ধন ইত্যাদির কথা বলা হয়েছে।
- (২) যোগ্যতা বৃদ্ধি ও প্রশিক্ষণ (সি. বি. অ্যান্ড টি.) - এই অংশে প্রকল্প পরিচালনার জন্য স্থানীয় ও রাজ্যস্তরে বিভিন্ন প্রকল্প পরিচালক দল গঠন, বিভিন্ন স্তরে দক্ষ ও কুশলীদের সহায়ক হিসাবে নিয়োগ, বিভিন্ন স্তরে প্রশিক্ষণের মাধ্যমে সংশ্লিষ্ট সকলকে সক্ষম করে তোলা নির্দেশ আছে।
- (৩) কুশলী প্রশিক্ষণ ও নিযুক্তির মাধ্যমে স্বরোজগার (ই. এস. টি. অ্যান্ড পি.) - বিভিন্ন ধরনের দক্ষতা বর্ধক প্রশিক্ষণের মাধ্যমে শহরের যুৱক / যুবতীদের দক্ষ ও সক্ষম করে তোলা স্বনিযুক্তি বা চাকুরীর মাধ্যমে উপার্জনক্ষম করে তোলা এই অংশের উদ্দেশ্য।



- ২ -

(৪) স্বনিযুক্তি প্রকল্প (এস. ই. পি.) - ভর্তুকিযুক্ত বিভিন্ন ব্যক্তিগত বা দলগত ঋণ প্রদানের মাধ্যমে উদ্যোগীদেরকে আর্থিকভাবে সক্ষম করে তোলা, ভর্তুকির মাধ্যমে বার্ষিক ৭ শতাংশ হারে এবং বিশেষক্ষেত্রে ৪ শতাংশ হারে ঋণ প্রদানের কথা এই অংশে বলা হয়েছে।

(৫) শহরে হকারদের সাহায্যে দান (এস. টি. ডি.) - শহরে হকারদের বিভিন্নভাবে সাহায্য দান যথা তাদের পরিচয়পত্র প্রদান, উন্নয়ন পরিকল্পনা, ব্যাঙ্ক সংযোগ, সামাজিক সুরক্ষা প্রকল্পে স্বনিযুক্তি ইত্যাদির মাধ্যমে তাদের আরো সক্ষম, সমর্থ ও স্বনির্ভর করে তোলার নির্দেশাবলী এই অংশে আছে।

(৬) আশ্রয়হীনদের আশ্রয় প্রদান (এস. ইউ. পি.) - এই অংশে শহরে আশ্রয়হীনদের স্থায়ী আশ্রয় প্রদান, বিশেষ চাহিদা প্রাপ্ত আশ্রয়হীনদের বিশেষ ব্যবস্থার কথা বলা হয়েছে।

পর্যালোচনা করলে দেখা যাবে যে এই মিশন শহরের দরিদ্র মানুষদের স্বনির্ভর হয়ে ওঠার ক্ষেত্রে একটি উল্লেখযোগ্য পদক্ষেপ। শহরে মহিলা, যুবক-যুবতীদের দল গঠন প্রশিক্ষণ, বিভিন্ন ক্ষেত্রে নিযুক্ত, স্বনির্ভর প্রকল্পের সাথে সংযুক্তিকরণ, ভর্তুকি সুদে ব্যাঙ্ক ঋণ প্রদান, বাজারের চাহিদা যোগ্য সামগ্রী উৎপাদনের সাথে যুক্ত করে তাদের স্বনির্ভর করে তোলার বিশেষ ব্যবস্থা আছে।

পশ্চিমবঙ্গে এই প্রকল্প রূপায়ণে পৌর বিষয়ক দপ্তরের অন্তর্গত রাজ্য নগর জীবিকা মিশন তথা সুডা নোডাল এজেন্সি হিসাবে কাজ করছে।

এমতাবস্থায় সকল পৌরপ্রতিষ্ঠানের স্থানীয়ভাবে নিম্নলিখিত কাজগুলি আগামী এক মাসের মধ্যে করে ফেলা দরকার :

(১) প্রত্যেক পৌরপ্রতিষ্ঠানে সি.পি.ও. (সিটি প্রোজেক্ট অফিসার) নিয়োগ করে উদ্যোগী / দায়িত্ব প্রাপ্ত কাউন্সিলারের নেতৃত্বে অন্তর্বর্তী প্রকল্প পরিচালক একটি দল তৈরী করা।

(২) এস.জে.এস.আর.ওয়াই. প্রকল্পে যে সকল দল এখনো আবর্তনীয় তহবিল পায় নি, তাদের মধ্যে যোগ্য দল বেছে আবর্তনীয় তহবিল (১০,০০০ টাকা প্রতি দল) প্রদানের ব্যবস্থা করা।

Firhad Hakim



MINISTER-IN-CHARGE  
MUNICIPAL AFFAIRS DEPARTMENT  
AND  
URBAN DEVELOPMENT DEPARTMENT  
GOVERNMENT OF WEST BENGAL  
WRITERS' BUILDINGS  
KOLKATA 700 001  
Ph. No. : 2214 - 5497

Kolkata, the .....

- ३ -

- (৩) পৌর এলাকায় বিভিন্ন কর্মশালার মাধ্যমে পৌরসভা এলাকায় বিভিন্ন কাজের সাথে যুক্ত বিশেষ করে অসংগঠিত কাজের সাথে যুক্ত সকলকে এবং ব্যাপক প্রচারের মাধ্যমে পৌরবাসীদেরকে প্রকল্প সম্বন্ধে অবহিত করন।
- (৪) শহর জীবিকা কেন্দ্র (সিটি লাইফলিহুড সেন্টার) গঠনের প্রস্তাব সুডাকে পাঠানো এবং এই কেন্দ্র গঠনে দ্রুত উদ্যোগ নেওয়া।
- (৫) প্রশিক্ষণ উপযোগী যুবক- যুবতীদের তালিকাভুক্তি করন এবং প্রশিক্ষণের প্রস্তাব অনুমোদনের জন্য দ্রুত পদক্ষেপ গ্রহন।
- (৬) কাজের সাথে যুক্ত বা প্রশিক্ষণ প্রাপ্ত এবং স্বনিযুক্তিতে ইচ্ছুক উপভোক্তাদেরকে ভর্তুকি ঋণ এবং দলকে দলগত ঋণদানের ব্যবস্থা করা।
- (৭) নতুন দল তৈরী, দল তৈরীতে সাহায্যকারী সংস্থা নির্বাচনের ব্যবস্থা, সংঘ গঠন, ব্যাঙ্কের সাথে গোষ্ঠী বন্ধনের জন্য পৌরস্তরে আলোচনা সভা।
- (৮) পৌরস্তরে সকল ব্যাঙ্কের শাখার সাথে সভা করে অ্যাকাউন্ট খোলা / আর্থিক স্বাক্ষরতা বিষয়ে প্রচার / ভর্তুকি ঋণের ব্যাপারে আলোচনা ও ব্যবস্থা গ্রহণ।
- (৯) আশ্রয়হীন মানুষদের চিহ্নিতকরণ ও কমিউনিটি সেন্টারের পরিকল্পনা তৈরী।
- (১০) দক্ষতা বর্ধক প্রশিক্ষণের বিষয় নির্বাচন এবং প্রশিক্ষণের ব্যবস্থা করা।

উপরিউক্ত বিষয়গুলিতে অতি দ্রুত ব্যবস্থা গ্রহণের মাধ্যমে দরিদ্র শহরবাসী সার্বিক আর্থ সামাজিক উন্নয়ন করা সম্ভব হবে।

আপনার নিরলস প্রয়াস, আন্তরিক প্রচেষ্টা ও সহযোগীতা কাম্য।

ভবদীয়

ফিরহাদ হাকিম